গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "১১টি মডার্ন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন" (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২১ সেপ্টেম্বর, ২০২২ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.৩০ টা |
| স্থান | Zoom Online Platform-এ ভিডিও কনফারেন্স। |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভাপতি জুম অনলাইন প্লাটফর্ম-এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রথমে তিনি প্রজেক্ট স্টিয়ারিং কমিটির পূর্ববর্তী সভার কার্যবিবরণীর বিষয়ে কারও কোন মতামত থাকলে সেটি জানানোর জন্য অনুরোধ করেন। কারও কোন মতামত না থাকায় সেটি দৃঢ় করা হয়। অতঃপর তিনি প্রকল্প পরিচালককে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটির মেয়াদ জানুয়ারী/২০১৯ হতে জুন/২০২২ পর্যন্ত নির্ধারিত ছিলো। পরবর্তীতে পরিকল্পনা কমিশন কর্তৃক ০৬ জুন, ২০২২ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত মেয়াদকাল বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প পরিচালক এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ১১টি মডার্ন ফায়ার স্টেশনের স্টেশনভিত্তিক অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, ইতোমধ্যে (১) রুপপুর গ্রীনসিটি, পাবনা (২) সারাবো (কাশিমপুর), গাজীপুর (৩) সাভার সেনানিবাসস্থ জিরাবো (৪) গাজীপুর চৌরাস্তা, গাজীপুর এর অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৭৩%। অবশিষ্ট ৭টি ফায়ার স্টেশনের নির্মাণ কাজের ভৌত অগ্রগতি (১) কাঁচপুর ব্রিজ নারায়নগঞ্জ এর ৭৭%, (২) কর্ণফুলি চট্রগ্রাম এর ৭৭%, (৩) রাজেন্দ্রপুর, চৌরাস্তা, গাজীপুর এর ৬০%, (৪) কোনাবাড়ী গাজীপুর এর ৪০%, (৫) শিবু মার্কেট, ফতুল্লা, নারায়নগঞ্জ এর ৮%, (৬) কালুরঘাট, চট্রগ্রাম এর ১২% এবং (৭) রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা ফায়ার স্টেশনের নির্মাণ কাজ গত ০৮/০৯/২০২২ তারিখ হতে শুরু হয়েছে। সভাপতি বলেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে স্টিয়ারিং কমিটির ১২/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার পর থেকে এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তা যথাযথভাবে প্রতিবেদনে উল্লেখ করতে হবে। নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে বা কার্যক্রম গ্রহণ করা হচ্ছে এধরনের অস্পষ্ট ভাষা পরিহার করতে হবে। কি কি কাজ করা হয়েছে, তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। বাস্তবায়নকালে কোন সমস্যা দেখা দিলে প্রয়োজনে সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করতে হবে।

০৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, কাঁচপুর ব্রিজ, নারায়ণগঞ্জ মডার্ন ফায়ার স্টেশনের মূল ভবনের অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে সিরামিক ফেসিং এর কাজ চলছে। স্টেশনটি কর্মপরিকল্পনা অনুযায়ী ডিসেম্বর, ২০২২ হস্তান্তরের জন্য নির্ধারিত রয়েছে। শিবু মার্কেট, ফতুল্লা, নারায়ণগঞ্জ মডার্ন ফায়ার স্টেশনের মূল ভবনের পাইল ড্রাইভের কাজ সম্পন্ন হয়েছে। উক্ত স্টেশনটি হস্তান্তরের জন্য এপ্রিল, ২০২৩ নির্ধারিত রয়েছে। এ পর্যায়ে PWD এর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান যে, কাঁচপুর ব্রিজ ফায়ার স্টেশনটি ডিসেম্বর, ২০২২ এর মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন হবে। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ বলেন যে, কাঁচপুর ব্রিজ ফায়ার স্টেশন ও শিবু মার্কেট ফায়ার স্টেশন ০২টি'র একই ঠিকাদার কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে। গত এপ্রিল মাসে ঠিকাদার মৃত্যুবরণ করায় পারিববারিক বিরোধের কারণে নির্মাণ কাজ বাস্তবায়নে সমস্যার সৃষ্টি হচ্ছিল। তবে সমস্যার সমাধান করে নির্মাণ কাজ পুনরায় শুরু করা হয়েছে। তিনি বলেন, কাঁচপুর ব্রিজ ফায়ার স্টেশনের কাজটি নির্দিষ্ট সময়ে শেষ করা গেলেও শিবু মার্কেট ফায়ার স্টেশনের কাজটি সম্পন্ন করা সম্ভব হবে না। কাজটি দ্রুত সম্পন্ন করার স্বার্থে শিবু মার্কেটের ঠিকাদারি কাজের কার্যাদেশ বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগ করা যেতে পারে। সভাপতি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা গণপূর্ত বিভাগকে সার্বিক পরিস্থিতি বিশ্লেষণ করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে পরিকল্পনা কমিশনের যুগ্ম প্রধান জানান যে, ঠিকাদার পরিবর্তনের ফলে বর্তমান রেট শিডিউল অনুযায়ী প্রকল্পের ব্যয় বৃদ্ধি পাবে কি না, তা জানা আবশ্যক। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নারায়ণগঞ্জ অবহিত করেন যে, বর্তমান রেট শিডিউল অনুযায়ী ডিপিপিতে উল্লিখিত ব্যয়ের মধ্যেই কাজটি সম্পন্ন করা সম্ভব হবে।

০৪। প্রকল্প পরিচালক আরো বলেন যে, গত ২৭ আগষ্ট ২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) সরেজমিনে গাজীপুর চৌরাস্তা মডার্ন ফায়ার স্টেশন পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে দেখা যায় যে, গাজীপুর চৌরাস্তা মডার্ন ফায়ার স্টেশনের মেইন গেইট সংলগ্ন রাস্তাটি অত্যন্ত সরু। উক্ত স্টেশনটি নির্মাণ কালে বড় রাস্তা এবং অধিগ্রহণকৃত জমির মাঝে ব্যক্তিগত জমি থাকায় বড় রাস্তার দিকে মেইন গেইট স্থাপন করা সম্ভব হয়নি। মেইন গেইট বড় রাস্তার দিকে স্থাপন করার জন্য অতিরিক্ত ০২ শতাংশ জমি অধিগ্রহণের প্রয়োজন হবে। বর্তমানে জমির মালিক জমি দিতে রাজি হয়েছেন। তাই অগ্নি নির্বাপন কাজে ব্যবহৃত অধিক উচ্চতা ও প্রসারণ বিশিষ্ট যানবাহনের (টিটিএল) গমনাগমন সহজতর করার লক্ষ্যে গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশনের মেইন গেইটটি সড়ক ও জনপথ বিভাগ এর দিকে রাখা যুক্তিযুক্ত হবে মর্মে অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ অভিমত ব্যক্ত করেন। প্রসঙ্গক্রমে প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, উক্ত জমি অধিগ্রহণের নিমিত্তে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রশাসনিক অনুমোদন গ্রহণপূর্বক গত ২১ জুন ২০২২ তারিখে জেলা প্রশাসক, গাজীপুর বরাবর পূর্নাঙ্গ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব (উন্নয়ন) জেলা প্রশাসক গাজীপুরকে এ লক্ষ্যে ০২ শতক জমি দ্রুত অধিগ্রহণের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক সভাপতির অনুমতিক্রমে সভায় জানান যে, নির্মাণাধীন ০৭টি স্টেশনের মধ্যে শিবু মার্কেট, ফতুল্লা, নারায়ণগঞ্জ, পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা এবং কালুরঘাট, চট্টগ্রাম এই ০৩টি স্টেশন ৩০ জুন ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হলে বিশেষভাবে নজর দিতে হবে। তিনি PWD কে গুণগতমান সমন্বয় রেখে যথাসময়ে নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানান।

**০৫। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১. কর্মপরিকল্পনা অনুযায়ী মানসম্মতভাবে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম জুন, ২০২৩ এর মধ্যে সমাপ্ত করতে হবে;
২. রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, পাবনা; কালুরঘাট, চট্টগ্রাম এবং শিবু মার্কেট ফতুল্লা, নারায়ণগঞ্জ ফায়ার স্টেশনের নির্মাণ কাজ যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করণের লক্ষ্যে প্রকল্প পরিচালককে নিবিড় পর্যবেক্ষণ অব্যাহত রাখতে হবে;
৩. অধিক উচ্চতা ও প্রসারণ বিশিষ্ট যানবাহনের (টিটিএল) গমনাগমন সহজতর করার লক্ষ্যে গাজীপুর জেলার চৌরাস্তা মডার্ন ফায়ার স্টেশনের মেইন গেইটের জন্য জমি অধিগ্রহণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;
৪. ডিপিপি অনুযায়ী নিয়মিত পিএসসি সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০৯.১৯.১৭৬ তারিখ: ১৪ আশ্বিন ১৪২৯
২৯ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৬) মহাপরিচালক, আইএমইডি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
৭) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৯) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১০) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১১) যুগ্ম সচিব, বাজেট-২ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) যুগ্মপ্রধান, সাধারণ অর্থনৈতিক বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৩) যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৪) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
১৫) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৬) তত্ত্বাবধায়ক স্থপতি (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক স্থপতির দপ্তর, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
১৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৮) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৯) উপসচিব , পরি-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২০) প্রকল্প পরিচালক (১১ মর্ডাণ প্রকল্প), ১১ মর্ডাণ প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, নারায়ণগঞ্জ
২২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

মোঃ মোশাররফ হোসেন
উপসচিব